



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৫

তারিখ : ০৭ চৈত্র, ১৪১৯
২১ মার্চ, ২০১৩

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

সাধারণ ছুটি ঘোষণা প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ জিল্লুর রহমান ২০ মার্চ, ২০১৩ বুধবার সিংগাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মরহুম মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ জিল্লুর রহমানের স্মৃতির প্রতি দেশ ও জাতির পক্ষ থেকে গভীর শ্রদ্ধা জ্ঞাপনের লক্ষ্যে জন প্রশাসন মন্ত্রণালয়ের ২১ মার্চ, ২০১৩ তারিখের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৮.১১-৭৮ মোতাবেক ২১ মার্চ, ২০১৩ খ্রিষ্টাব্দ/০৭ চৈত্র, ১৪১৯ বঙ্গাব্দ তারিখ বৃহস্পতিবার সরকার কর্তৃক সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

০২। উপর্যুক্ত অবস্থায় অদ্য ২১ মার্চ, ২০১৩ খ্রিষ্টাব্দ/০৭ চৈত্র, ১৪১৯ বঙ্গাব্দ তারিখ বৃহস্পতিবার ব্যাংকসমূহে দুপুর ২.০০ ঘটিকা হতে সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২০৭